# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

## Palli Daridro Bimochon Foundation (PDBF)

PDBF

নিউজলেটার ঃ সংখ্যা-১৫ মার্চ, ২০১৫






পল্লী রঙ

সদস্যদের উৎপাদিত পণ্য সামগ্রী প্রদর্শন ও বিপণন কেন্দ্র






# সরকার কর্তৃক গঠিত আন্তঃমন্ত্রণালয় মধ্যবর্তী মূল্যায়ন কমিটি কর্তৃক পিডিবিএফ এর কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন সম্পন্ন

পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন এবং নারী পুরুষের সমতায়নের লক্ষ্যে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কাজ করে যাচ্ছে। পিডিবিএফ প্রতিষ্ঠানিক বিভিন্ন কার্যক্রম পরিচালনার পাশাপাশি নিজস্ব ও সরকারী অর্থায়নে বেশ কয়েকটি প্রকল্প বাস্তবায়ন করে আসছে। তার মধ্যে "দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পটি গত ০৫ জুন, ২০১২ তারিখে একনেক বৈঠকে অনুমোদন লাভ করে ৭টি বিভাগের ২০টি জেলার ১০০টি উপজেলায় দরিদ্র ও অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠীকে সংগঠিত করে প্রায় ১০ লক্ষ উপকারভোগীকে সেবা প্রদান করে আসছে। প্রকল্পের চলমান কার্যক্রম নিখুঁতভাবে সম্পন্নকরণ, সুফলভোগীদের বাস্তব সমস্যাদি সরেজমিনে অবলোকন এবং বাস্তবায়ন দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে মধ্যবর্তী মূল্যায়ন করা হয়। উক্ত আন্তঃমন্ত্রণালয় মূল্যায়ন কমিটিতে ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ১ | সচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | উপদেষ্টা |
| ২ | অতিরিক্ত সচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সভাপতি |
| ৩ | যুগ্ম-সচিব (উন্নয়ন অধিশাখা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৪ | উপ-প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৫ | পরিচালক, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ৬ | উপ-প্রধান, পল্লী প্রতিষ্ঠান উইং, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ৭ | সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৮ | উপ-প্রকল্প পরিচালক-১, পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্প | সদস্য |
| ৯ | উপ-প্রকল্প পরিচালক-২, পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্প | সদস্য |
| ১০ | সহকারী পরিচালক (হিসাব), পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্প | সদস্য |
| ১১ | প্রকল্প পরিচালক, পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্প | সদস্য সচিব |

মূল্যায়ন কমিটি পিডিবিএফ এর মধ্যবর্তী মূল্যায়ন সম্পন্ন করতে বিভিন্ন পদ্ধতি অবলম্বন করেন যেমন Pre-field visit, During field visit, Focus group disquisition, Justification & Estimated result ইত্যাদি। উক্ত কমিটি ২টি দলে বিভক্ত হয়ে মাঠ পর্যায়ে ৯টি জেলার ১০টি উপজেলা কার্যালয় ও ১৯টি সমিতি পরিদর্শনের মাধ্যমে প্রকল্প কার্যক্রম পরিদর্শন করেন।



চিত্রঃ রাজশাহী জেলার বাঘা উপজেলার চন্ডিপুর মহিলা সমিতির সুফলভোগী সদস্যদের সাথে জনাব এ এইচ এম আবদুল্লাহ, অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও কমিটির অন্যান্য সদস্যবৃন্দ

মধ্যবর্তী মূল্যায়ন কমিটির মূল্যায়নে প্রকল্প থেকে সমিতি পর্যায়ে যে সকল প্রত্যাশা পূরণ করা হয়েছে তা হলঃ

(১) প্রকল্পের মাধ্যমে সহজলভ্য ঋণ প্রদান
(২) ঋণের সিলিং বৃদ্ধি
(৩) বিভিন্ন আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান, যেমন সেলাই ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ
(৪) পর্যাপ্ত সহযোগিতা
(৫) আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে সরকারী পৃষ্ঠপোষকতা
(৬) সদস্যদের উৎপাদিত পণ্য পিডিবিএফ এর 'পল্লী রঙ' এর সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে বাজারজাতকরণ।

মূল্যায়ন কমিটির মূল্যায়নে প্রকল্পের যে সকল সবল দিক প্রতিফলিত হয়েছে ঃ

- প্রকল্পের প্রধান কার্যালয়ের সাথে মাঠ পর্যায়ের কর্মকর্তা - কর্মচারীদের নিবিড় যোগাযোগ রয়েছে এবং পিডিবিএফ প্রয়োজনীয় আর্থিক, কারিগরি ও লজিস্টিক সাপোর্টসহ সকল প্রকার সহায়তা প্রদান অব্যাহত রেখেছে। কর্মকর্তা - কর্মচারীদের মধ্যে চমৎকার আন্তঃব্যক্তিক সম্পর্ক ও টীম স্পিরিট পরিলক্ষিত হয়েছে।
- গ্রুপ এ্যাপ্রোচের মাধ্যমে দরিদ্র মহিলাদের নিয়ে সমিতি গঠন করে আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান, উৎপাদনের জন্য কৌশল, প্রয়োজনীয় ঋণ প্রদান, বাজারজাতকরণের প্রক্রিয়া, বিভিন্ন সেবা প্রদানকারী সংস্থা/ বিভাগের সাথে লিংকেজ সৃষ্টি, সমিতি পর্যায়ে সদস্যদের ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির ব্যবস্থা হয়েছে।
- মূল্যায়ন কমিটি প্রকল্পের অগ্রগতিতে অত্যন্ত সন্তোষ প্রকাশ করেন এবং এই প্রকল্পকে একটি সফল প্রকল্প বলে অভিহিত করেন। ভবিষ্যতে আরও অধিক সংখ্যক দরিদ্র মানুষকে সেবা দেয়ার জন্য পর্যায়ক্রমে পিডিবিএফ এর আওতায় সমগ্র বাংলাদেশে প্রকল্প কার্যক্রম সম্প্রসারণের জন্য কমিটি সুপারিশ করেন।

## ঘোড়াঘাটে পিডিবিএফ এর সোলার সেচ প্রকল্পের কার্যক্রম শুরু

পিডিবিএফ এর সৌরশক্তি প্রকল্পের উদ্দ্যোগে ও ইডকল এর কারিগরি সহায়তায় দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলায় সোলার সেচ প্রকল্পের কার্যক্রম চালু হয়েছে। প্রকল্পের মাধ্যমে নবায়নযোগ্য শক্তির ব্যবহারের মাধ্যমে প্রায় ৫০ একর জমিতে সারা বছর সেচ সুবিধা প্রদান করা হবে। এ প্রকল্পের মাধ্যমে এক বা একাধিক ব্যক্তি মিলে এই সেচ প্রকল্পের সর্বমোট মূল্য পরিশোধ করে ক্রয় করতে পারবেন। প্রকল্পটি বাস্তবায়ন হলে প্রায় ২০ বছর নিরবচ্ছিন্ন সেচ সুবিধা পাওয়া যাবে।






## মহান বিজয় দিবস উদযাপন

মহান বিজয় দিবস ২০১৪ উপলক্ষে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করছেন জনাব এম এ কাদের সরকার, চেয়ারপারসন বোর্ড অব গভর্নর্স, পিডিবিএফ এবং সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, জনাব মোঃ মাহবুবুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ ও পিডিবিএফ এর প্রধান কার্যালয়ের অন্যান্য কর্মকর্তা।

## পিডিবিএফ এর ৬৫তম বোর্ড সভা অনুষ্ঠিত

বিগত ০৭/১২/২০১৪ ইং তারিখ পিডিবিএফ প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে ৬৫তম বোর্ড সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পিডিবিএফ এর বিভিন্ন কার্যক্রম নিয়ে ধারাবাহিক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় ২০১৩ - ২০১৪ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৪ - ২০১৫ অর্থবছরের প্রস্তাবিত কর্মপরিকল্পনা ও বাজেট অনুমোদন হয়।



## মহিলা সমিতির সাপ্তাহিক সভা

পিডিবিএফ ভোলার দৌলতখাঁন কার্যালয়ের মধ্য দিদারুল্লা মহিলা সমিতির উঠান বৈঠক পরিচালনা করছেন জনাব মোঃ হারুন-অর রশিদ, উর্ধ্বতন সহকারী পরিচালক, পিডিবিএফ, ভোলা, জনাব মোঃ সেলিম, উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, দৌলতখাঁন ও মোঃ সাইফুল ইসলাম, মাঠ কর্মকর্তা।



## জাতীয় কন্যাশিশু দিবস পালন

বিগত ৩০/০৮/২০১৪ইং তারিখ জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে আয়োজিত র‌্যালি ও অনুষ্ঠানে পিডিবিএফ পরিবারের পক্ষ থেকে প্রধান কার্যালয়ের সহকর্মী ও সহকর্মীদের সন্তানেরা অংশগ্রহণ করেন। আলোচনা অনুষ্ঠানে "উপস্থিত প্রশ্ন উত্তর পর্বে" প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক পরিনীতা রায় এর কন্যা পুজা বিজয়ী হয়ে কেয়ার বাংলাদেশের প্রধান জেমি টেরজি এর নিকট থেকে পুরস্কার গ্রহণ করে।



## জেলা প্রশাসক, ময়মনসিংহ কর্তৃক গৌরীপুর কার্যালয়ের পিডিবিএফ এর কার্যক্রম পরিদর্শন

বিগত ০৫-০৫.২০১৪ ও ১৩-১১-২০১৪ ইং তারিখে গৌরীপুর কার্যালয়সহ পঃ দাপুনিয়া মহিলা সমিতি ও বালুয়াপাড়া মহিলা সমিতি পরিদর্শন করেন মোঃ মুস্তাকিম বিল্লাহ ফারুকী, জেলা প্রশাসক, ময়মনসিংহ। পরিদর্শনকালে তিনি উপস্থিত সদস্যদের সাথে আলোচনা করেন। প্রতিটি সদস্যের কাছ থেকে তাদের সমিতির নাম, সদস্যকোড, নিজস্ব সঞ্চয়, ও গৃহীত ঋণের সঠিক ব্যবহার জেনে তিনি পিডিবিএফ এর সার্বিক কার্যক্রমে অত্যন্ত সন্তোষ প্রকাশ করেন।



# মিডিয়ায় পিডিবিএফ এর সফল কার্যক্রম সম্প্রচার

পিডিবিএফ এর বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড, সদস্যদের উৎপাদিত পণ্য সামগ্রী, সোলার কার্যক্রম, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যক্রম ইত্যাদি নিয়ে বাংলাদেশ টেলিভিশনে নিম্নবর্ণিত বিভিন্ন প্রতিবেদন সম্প্রচারিত হয়েছে ঃ

| অঞ্চল এবং কার্যালয় | সমিতির ধারণকৃত কর্মকান্ড |
|---|---|
| **ময়মনসিংহ ঃ** | |
| ময়মনসিংহ সদর | - সানকিপাড়া মহিলা সমিতি : নার্সারী<br>- ক্ষুদ্র উদ্যোক্তার গাভী পালন কার্যক্রম |
| মুক্তাগাছা | - তাড়াটি মধ্যপাড়া মহিলা সমিতি : গাভীপালন<br>- তাড়াটি পূর্বপাড়া মহিলা সমিতি : পানের বড়জ ও খড়গোস পালন |
| ফুলবাড়িয়া | - দাপুনিয়া পুরুষ সমিতি : শাকসবজি, কলাবাগান, লেবু ও সিম চাষ |
| ত্রিশাল | - বিরামপুর উজানপাড়া মহিলা সমিতি : সবজি বাগান, মৃৎশিল্প ও ছাগল পালন |
| ভালুকা | - নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ<br>- সমিতির সাপ্তাহিক সভা - মৎস চাষ ও গাভী পালন |
| **কিশোরগঞ্জ ঃ** | |
| কিশোরগঞ্জ সদর | - শ্রীমান্তপুর মহিলা সমিতি : শাড়ীর উপর কারচুপির কাজ<br>- মারিয়া মহিলা সমিতি : হোমিও ঔষধের শিশি তৈরী |
| ভৈরব | - ক্ষুদ্র উদ্যোক্তার জুতা তৈরী কার্যক্রম<br>- ভৈরব বাজার দঃ ঋষিপট্টি মহিলা সমিতি : ঝাড়ু তৈরী<br>- ক্ষুদ্র উদ্যোক্তার থ্রী-পিছ সহ মহিলাদের বিভিন্ন পোষাক প্রস্তুতকারক ও বাজারজাতকরণ<br>- ভৈরব রানীর বাজার মহিলা সমিতি : সুপারী কাটা<br>- ভৈরবপুর উত্তর পাড়া মহিলা সমিতি : বস্ত্র তৈরী<br>- গজারিয়া মহিলা সমিতি : মহিলাদের পার্টস ও ভ্যানিটি ব্যাগ তৈরী |
| কটিয়াদি | - ক্ষুদ্র উদ্যোক্তার লেবু চাষ ও গাভীপালন কর্মকান্ড |
| তাড়াইল | - শিমুলহাটি মহিলা সমিতি : মৃৎ শিল্প<br>- দামিহা পশ্চিম মহিলা সমিতি : হাঁস পালন (নদীতে হাঁসের বিচরণ) কার্যক্রম<br>- সৌর শক্তির মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তার মুরগীর বাচ্চা ফুটানো ও বাজারজাতকরণ। |
| করিমগঞ্জ | - শিল্প পাড়া মহিলা সমিতি : বাঁশ ও বেতের কাজ<br>- সৌর শক্তির মাধ্যমে লেখাপড়া ও গৃহস্থালী কাজ |
| বাজিতপুর | - ধনেরহাটি মহিলা সমিতি : উঠান বৈঠক<br>- ওসমানপুর মহিলা সমিতি : মহিলাদের জুতা তৈরী কার্যক্রম<br>- কামালপুর বণিকপাড়া মহিলা সমিতি : কাগজের মালা ও মুকুট তৈরী এবং উঠান বৈঠক। |
| **পিরোজপুর ঃ** | |
| পিরোজপুর সদর | - সৌরশক্তির মাধ্যমে টেইলারিং ও ব্যবসা বাণিজ্য পরিচালনা |
| নাজিরপুর | - গুচ্ছগ্রামে পিডিবিএফ সোলারের ব্যবহার |

| অঞ্চল এবং কার্যালয় | সমিতির ধারণকৃত কর্মকান্ড |
|---|---|
| **সাতক্ষীরা ঃ** | |
| কালিগঞ্জ | - পিডিবিএফ-এর সোলার দিয়ে সম্পূর্ণ মৌতলা বাজারের কার্যক্রম পরিচালিত হচ্ছে |
| **টাঙ্গাইল ঃ** | |
| নাগরপুর | - মাহমুদনগর পূর্ব মহিলা সমিতি : মিষ্টির ছানা তৈরী, নার্সারী পরিচর্যা এবং গরু মোটাতাজাকরণ<br>- সোলারের মাধ্যমে ব্যবসা বাণিজ্য ও গৃহস্থালী কাজ<br>- ডাঙ্গা তে সোলারের মাধ্যমে পোল্ট্রি খামার এবং টি ষ্টল আলোকিত করা<br>- নলসন্ধ্যা মহিলা সমিতি : দলবদ্ধভাবে বাঁশ ও বেতের কাজ<br>- কাশাদহ তে সেলাই মেশিনের মাধ্যমে হলার মেশিন তৈরী করে হলুদ-মরিচ ভাঙ্গানো |
| কালিয়াকৈর | - উত্তর নাওলা মহিলা সমিতি : পোল্ট্রি ফার্ম ও গাভীপালন |
| মির্জাপুর | - পালপাড়া মহিলা সমিতি : মৃৎশিল্প তৈরী এবং সমিতির সদস্যদের উঠান বৈঠকে সমিতির সাপ্তাহিক সভা পরিচালনা করা |
| সাগরদীঘি | - তমালতলী এবং মালিচালা মহিলা সমিতি : মুরগীর খামার এবং উঠান বৈঠক<br>- আষারিয়া বালা বাজার সোলার কার্যক্রম<br>- কামালপুর বাজার সোলার কার্যক্রম<br>- লোহাশহর উচ্চ বিদ্যালয় সোলার কার্যক্রম |
| **বগুড়া ঃ** | |
| শেরপুর | - বাগড়া উত্তর মহিলা সমিতিতে ক্যাপ (মাথার টুপি) তৈরী<br>- ক্ষুদ্র উদ্যোক্তার গাভী পালন কার্যক্রম |
| শাহজাহানপুর | - আড়িয়া পালপাড়া মহিলা সমিতি: মৃৎশিল্প (দই এর কাপ, হাড়ি পাতিল) |
| **জামালপুর ঃ** | |
| শেরপুর সদর | - মির্জাপুর কান্দিপাড়া মহিলা সমিতি : উঠান বৈঠক ও মৎস্য চাষ<br>- মির্জাপুর পশ্চিম পাড়া মহিলা সমিতি : গাভীপালন |
| শ্রীবর্দী | - মাটিয়াকুড়া পুরুষ সমিতি : আঙুর চাষ<br>- মাটিয়াকুড়া মহিলা সমিতি : শাকসবজী চাষ<br>- মাটিয়াকুড়া ক্ষুদ্র উদ্যোক্তার গো-খাদ্য বাজারজাতকরণ ও পশু চিকিৎসাদান |
| নালিতাবাড়ী | - কাছারী পাড়া মহিলা সমিতি : উঠান বৈঠক<br>- উত্তর রাণীগাঁও মহিলা সমিতি : ক্ষুদ্র উদ্যোক্তার পুকুরে মৎস্য চাষ<br>- কাপাসিয়া নামাপাড়া মহিলা সমিতি : গাভীপালন<br>- দক্ষিণ শিমুলতলা মহিলা সমিতি : পোল্ট্রি খামার<br>- আন্দারিয়া ঘোপ এ সৌরশক্তি কার্যক্রমের মাধ্যমে হাঁসপালন ও হাঁসের বাচ্চা ফুটানো |
| নকলা | - মমিনাকান্দা ভাটিপাড়া মহিলা সমিতি : পানের বড়জ এবং গাভী পালন |

## সংগ্রামী নারী রওশানারা



মা-বাবার আদরের মেয়ে রওশানারা। মা বাবা অল্প বয়সে একই গ্রামের রবিউলের সাথে বিয়ে দেন রওশানারাকে। অল্প কিছুদিন পরে রবিউল রওশানার সংসারে নতুন অতিথি হয়ে আসে ফুটফুটে একটি পুত্র সন্তান। বেকার স্বামীর পক্ষে সংসারে খরচ চালানো সম্ভব হয়ে উঠছিল না। ফলে তাদের বিবাহিত জীবন ক্রমান্বয়ে হয়ে উঠছিল যন্ত্রণাদায়ক। কি করা যায় ভেবে পায়না রওশানারা। ঠিক এমন সময়, ২০০১ সাল দেখা হয় পিডিবিএফ এর এক কর্মীর সাথে। উক্ত কর্মীর পরামর্শে সাতক্ষীরা সদর কার্যালয়ের মাগুরা কারিগর পাড়া মহিলা সমিতিতে ভর্তি হয়ে পরবর্তীতে ৩,০০০/- টাকা ঋণ নিয়ে স্বামীকে একটি ভ্যানগাড়ী কিনে দেন। প্রতিদিন ভ্যান চালিয়ে যা আয় হয় বহু কষ্টে সেই আয় হতে সমিতিতে কিছু কিছু সঞ্চয় জমা করতে থাকেন। কষ্টের দিন যেন শেষ হতে চায় না। রওশানারা ভাবতে থাকেন কিভাবে আয় বাড়ানো যায়। এভাবে কেটে যায় ৩ বছর। এতদিনে তার কিছু সঞ্চয় জমা হয়েছে, ঋণ গ্রহণের সক্ষমতাও বৃদ্ধি পেয়েছে। স্বামী-স্ত্রী মিলে ঠিক করলেন ভ্যান গাড়ী চালানোর পাশাপাশি একটা রিং-স্ল্যাব তৈরীর ব্যবসা শুরু করবেন। যেই ভাবা সেই কাজ। পিডিবিএফ থেকে ১০,০০০/- টাকা ঋণ নিয়ে শুরু করেন রিং-স্ল্যাব তৈরীর কাজ। দিনে দিনে বৃদ্ধি পেতে থাকে তার রিং-স্লাবের ব্যবসা। এভাবে চোখের পলকে যেন কেটে গেছে ১০টি বছর। এখন রওশানারার স্বামীকে আর ভ্যান চালাতে হয়না, বরং তার রিং-স্লাব তৈরীর কারখানায় আরো ৭ জন শ্রমিকের কাজের ব্যবস্থা হয়েছে। পাশাপাশি রওশানারা ১টি মুদি দোকান দিয়েছেন। আজ তার প্রথম পুত্র সন্তানটি নবম শ্রেণীতে পড়ে, আরও ১টি পুত্র ও ১টি কন্যা নিয়মিত স্কুলে যায়, বসত ঘরটি হয়েছে পাকা। আজ রওশানার সুখের কোন অভাব নাই। তার নিজস্ব সঞ্চয় জমা ৪৫,৫০০/-টাকা এবং পিডিবিএফ থেকে ঋণ নিয়েছেন ৭০,০০০/- টাকা। রওশানারা বলেন আমার ঐ দুঃসময়ে যদি পিডিবিএফ এর সেই স্যারের সাথে দেখা না হত এবং ঋণ না পেতাম তাহলে আমার জীবনের এই সাফল্য খুজে পেতাম না। এ জন্য আমি পিডিবিএফ এর কাছে চিরঋণী।

**শংকর কুমার বিশ্বাস**
মাঠ সংগঠক, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

# আন্তর্জাতিক নারী দিবস, ২০১৫ উদযাপন









































# মেধাবী মুখ

## প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত



**মোঃ মহিউদ্দিন রাফি**
মাতাঃ মোছাঃ নার্গিস খাতুন
পিতাঃ মোঃ গোলাম সরওয়ার
পদবীঃ উর্ধ্বতন মাঠ কর্মকর্তা
শেরপুর কার্যালয়, বগুড়া



**সিয়াম রহমান**
মাতাঃ মোছাঃ আলপনা আকতার
পিতাঃ মোঃ জাকির হোসেন
পদবীঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
শেরপুর কার্যালয়, বগুড়া



**মোঃ আদ-আল জাব্বার**
মাতাঃ মোছাঃ আশরাফুন নাহার
পিতাঃ মোঃ জাহেদুর রহমান
পদবীঃ উর্ধ্বতন সহকারী পরিচালক
আঞ্চলিক কার্যালয়, বগুড়া



**মোঃ আদ-আল জাকির**
মাতাঃ মোছাঃ আশরাফুন নাহার
পিতাঃ মোঃ জাহেদুর রহমান
পদবীঃ উর্ধ্বতন সহকারী পরিচালক
আঞ্চলিক কার্যালয়, বগুড়া



**মোছাঃ সামিহা নাজনুর**
মাতাঃ শাহনাজ বেগম
পিতাঃ মোঃ শাহীনুর রহমান
পদবীঃ উর্ধ্বতন উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
বীরগঞ্জ কার্যালয়, দিনাজপুর



**মিথিলা ঘোষ**
মাতাঃ কনিকা ঘোষ
সদস্য, সুজালপুর পঃ নতুন পাড়া মস
বীরগঞ্জ কার্যালয়, দিনাজপুর
পিতাঃ সুবল ঘোষ



**জারিন আফছানা অর্পি**
মাতাঃ মমতাজ পারভীন
পিতাঃ মোঃ আতাউর রহমান
পদবীঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সেলপ
রাণীগঞ্জ কার্যালয়, দিনাজপুর



**নাজমুস শাহাদাৎ (সিফাত)**
মাতাঃ শামছুন নাহার (শিরিন)
পিতাঃ মোঃ আঃ মান্নান
পদবীঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
টঙ্গীবাড়ী, মুন্সিগঞ্জ, ঢাকা



**মোঃ মাহির লাবিব (মুন্না)**
মাতাঃ মোছাঃ মাহফুজা বেগম
পিতাঃ মোঃ বশির উদ্দিন
পদবীঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
কিশোরগঞ্জ কার্যালয়, রংপুর



**মোঃ আব্দুলাহ আল নোমান**
মাতাঃ মোছাঃ নিলুফা সুলতানা
পিতাঃ মোঃ রফিকুল আলম
পদবীঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
পাটগ্রাম কার্যালয়, রংপুর



**মাইসা তাজনীন (ইমু)**
মাতাঃ ইয়াসমিন নাহার
পিতাঃ মোঃ গোলাম মোস্তফা
পদবীঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
আদিতমারী কার্যালয়, রংপুর



**হীমিকা জান্নাত (শ্রাবণী)**
মাতাঃ শাহানাজ সুলতানা
পদবীঃ মাঠ কর্মকর্তা
ঘাটাইল কার্যালয়, টাঙ্গাইল
পিতাঃ মোঃ আবু হানিফ



**ইশরাত জাহান (ঐশি)**
মাতাঃ আফরোজা পারভিন
পিতাঃ সৈয়দ আবু তাহের মোঃ খালিদ আহমেদ
পদবীঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
কচুয়া উপজেলা, পিরোজপুর



**মাহফুজা খানম**
মাতাঃ রেবেকা লাভলী
সদস্য, ছোট ফকির পাড়া ম.স
ভবানীপুর কার্যালয়, পার্বতীপুর দিনাজপুর
পিতাঃ রবিউল আহসান হাবিব



**দীপ জ্যোতি চক্রবর্তী**
মাতাঃ মাধবী চক্রবর্তী
পিতাঃ তপন জ্যোতি চক্রবর্তী
উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
শ্যামনগর কার্যালয়, সাতক্ষীরা

## জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত



**জেরীন ইয়াছমিন ঐশি**
মাতা ঃ সাবিহা পারভীন
পিতা ঃ শাহাদত হোসেন
পদবী ঃ উপ-পরিচালক
আঞ্চলিক কার্যালয়, বগুড়া



**মোঃ মেহরাব হোসেন মুন**
মাতা ঃ মমতাজ বেগম
পিতা ঃ মোঃ শরিফ হোসেন
পদবীঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, সেলপ
শেরপুর কার্যালয়, বগুড়া



**লিপ্তা রাণী রায়**
মাতা ঃ দেবীকা রাণী রায়
পিতা ঃ পরিমল চন্দ্র রায়
পদবী ঃ বার্তাবাহক
কাহারোল কার্যালয়, দিনাজপুর



**মোসাঃ মুক্তা খাতুন**
মাতা ঃ জুলেখা বেগম
সদস্য, শেরপুর নয়াপাড়া মহিলা সমিতি
শেরপুর সদর কার্যালয়, বগুড়া
পিতা ঃ মোঃ জামাত আলী



**রফি আহম্মেদ হৃদয়**
মাতা ঃ রহিমা বেগম
পিতা ঃ মোঃ আমিরুল ইসলাম
পদবী ঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
শেরপুর সদর কার্যালয়, বগুড়া



**মোঃ মোবতাসিম আবরার নিহাল**
মাতা ঃ দিলুয়ারা বেগম
পিতা ঃ মোঃ মতিউর রহমান
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
বন্দর কার্যালয়, নারায়ণগঞ্জ, নরসিংদী



**মোঃ ফারহান আলী**
মাতা ঃ বিলকিছ আরা
পিতা ঃ মোঃ আফছার আলী
পদবী ঃ উর্ধ্বতন মাঠ কর্মকর্তা
রাণীগঞ্জ কার্যালয়, দিনাজপুর



**উসরাত ফাহমিদা**
মাতা ঃ রায়হান বেগম
পিতা ঃ মোঃ হেলাল উদ্দিন
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
লক্ষীপুর সদর কার্যালয়, ভোলা



**বৈশাখী পশারী**
মাতা ঃ মিতা বাড়ই
পিতা ঃ বিকাশ পশারী
পদবী ঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
পাইকগাছা কার্যালয়, সাতক্ষীরা



**মোঃ ইসমাইল হোসেন রাব্বী**
মাতা ঃ মোছাঃ জিনাত রেহেনা
পিতা ঃ মোঃ আবুল হোসেন
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
মাদারগঞ্জ কার্যালয়, জামালপুর



**আফরিন জাহান শোভা**
মাতা ঃ মোছাঃ জিনাত রেহেনা
পিতা ঃ মোঃ আবুল হোসেন
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
মাদারগঞ্জ কার্যালয়, জামালপুর



**রাফিজা খানম (রিপা)**
মাতা ঃ বিলকিস বেগম
পিতা ঃ মোঃ রফিকুল ইসলাম
পদবী ঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, সেলপ
কচুয়া কার্যালয়, পিরোজপুর



**মোঃ মাহফুজ আলম (মেহেদী)**
মাতা ঃ মোছাঃ মাহফুজা বেগম
পিতা ঃ মোঃ বশির উদ্দিন
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
কিশোরগঞ্জ উপজেলা কার্যালয়, রংপুর




**মোঃ তারিফ উল ইসলাম**
মাতা ঃ আকলিমা বেগম
পিতা ঃ মোঃ রফিকুল ইসলাম
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
সাপলেজা কার্যালয়, পিরোজপুর



**নাজনীন সুলতানা**
মাতা ঃ আমিনা বেগম
পদবী ঃ বার্তাবাহক
প্রধান কার্যালয়, ঢাকা
পিতা ঃ মোঃ নাসির উদ্দিন



**মাহিসা ফাহমিদা**
মাতা ঃ সুফিয়া বেগম
পিতা ঃ রেজাউল হক
পদবী ঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
শেরপুর কার্যালয়, বগুড়া



- যা কিছু আকাশসমূহে রয়েছে এবং যা কিছু যমীনে আছে, সব আল্লাহ্‌রই। যদি তোমরা মনের কথা প্রকাশ কর কিংবা গোপন কর, আল্লাহ তোমাদের কাছ থেকে তার হিসাব নেবেন। অতঃপর যাকে ইচ্ছা তিনি ক্ষমা করবেন এবং যাকে ইচ্ছা তিনি শাস্তি দেবেন। আল্লাহ সর্ব বিষয়ে শক্তিমান।

- আল কোরআন

- গোপন পরহিত আল্লাহর ক্রোধ শান্ত করে।

-আল হাদিস

# মেধাবী মুখ

## মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত



### মিনহাজুস সালেকিন
মাতা ঃ মোছাঃ আশরাফুন নাহার
পিতা ঃ মোঃ জাহেদুর রহমান
পদবী ঃ উর্ধ্বতন সহকারী পরিচালক
আঞ্চলিক কার্যালয়, বগুড়া



### মোঃ শাহরিয়ার কবির
মাতা ঃ মোছাঃ ফেরদৌসি বেগম
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
কাহারোল কার্যালয়, দিনাজপুর
পিতা ঃ মোঃ সুলতান আলী



### সেতু সাহা
মাতা ঃ মিতা রাণী সাহা
পদবী ঃ উর্ধ্বতন মাঠ কর্মকর্তা
ঝালকাঠী সদর কার্যালয়,ঝালকাঠী
পিতা ঃ শ্যামল চন্দ্র সাহা



### দোলা সাহা
মাতার নামঃ মালা রাণী সাহা
পদবীঃ উর্ধ্বতন মাঠ কর্মকর্তা
ঝালকাঠী সদর কার্যালয়, ঝালকাঠী
পিতার নামঃ দুলাল চন্দ্র সাহা



### তানজিনা জাহান আরা
মাতা ঃ ইয়াছমীন আক্তার
পিতা ঃ মোঃ মোতাহার উদ্দিন খান
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
পাকুন্দিয়া কার্যালয়, কিশোরগঞ্জ



### আদিব হাসান
মাতা ঃ রোকেয়া বেগম
সদস্য শুভকর দী পঃ পাড়া মস
বন্দর, নরসিংদী
পিতা ঃ আসিফ উদ্দিন



### রিয়াজ হাসান
মাতা ঃ মরিয়ম বেগম
সদস্য শুভকর দী পঃ পাড়া মস
বন্দর কার্যালয়, নারায়ণগঞ্জ, নরসিংদী
পিতা ঃ স্বপন মিয়া



### বিলকিস আক্তার
মাতা ঃ রাজিয়া বেগম
সদস্য শুভকর দী পূর্ব পাড়া মস
বন্দর কার্যালয়, নারায়ণগঞ্জ, নরসিংদী
পিতা ঃ বিল্লাল হোসেন



### মোঃ আরিফ সারওয়ার
মাতা ঃ আয়শা সিদ্দিকা
পিতা ঃ মোঃ আব্দুর রশীদ
পদবী ঃ হিসাব কর্মকর্তা
আদিতমারী কার্যালয়, রংপুর



### মোঃ নুহাশ আলম
মাতা ঃ মোছাঃ নিলুফা সুলতানা
পিতা ঃ মোঃ রফিকুল আলম
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
পাটগ্রাম কার্যালয়, রংপুর



### মোঃ শিহাব শাহরিয়ার
মাতা ঃ রেহানা নাসরীন
পিতা ঃ একেএম শহীদুল্লাহ
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
কচুয়া কার্যালয়, পিরোজপুর



### ইব্রাহিম খলিল
মাতাঃ নিলুফা বেগম
পিতাঃ জয়নাল আবেদীন
বার্তাবাহক
বাজিতপুর কার্যালয়, কিশোরগঞ্জ

## উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত



### অর্ণব রায়
মাতা ঃ আরতী রাণী মন্ডল
পদবী ঃ উর্ধ্বতন মাঠ কর্মকর্তা
ঝালকাঠী সদর কার্যালয়, ঝালকাঠী
পিতা ঃ বিভূতি ভূষণ রায়



### মোঃ ইয়াসিন আল আরাফাত
মাতা ঃ মোছাঃ গোলেনুর খানম
পিতা ঃ মোঃ রফিকুল ইসলাম
পদবী ঃ সহকারী পরিচালক, হিসাব
উপ-পরিচালকের কার্যালয়, বরিশাল



### জালিস মাহমুদ ছিদ্দিকী
মাতা ঃ মোছাঃ পারুল বেগম
পিতা ঃ মোঃ আব্দুল হক
পদবী ঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
মেহেন্দীগঞ্জ কার্যালয়, বরিশাল



### সংলাপ দাস দীপ
মাতা ঃ গৌরী রাণী হালদার
পদবী ঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
মেহেন্দীগঞ্চ কার্যালয়, বরিশাল
পিতা ঃ উৎপলেন্দু দাস



### মোঃ রকিবুল ইসলাম
মাতা ঃ রওশন আরা
পিতা ঃ মোঃ হেলাল উদ্দিন
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
রাজিবপুর কার্যালয়, রংপুর



### মুনিরা খাতুন মিতু
মাতাঃ সখিনা বেগম (প্রাক্তন মাঠ কর্মকর্তা)
পিতাঃ মোঃ মহশীন আলী
উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
ভবানীপুর কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর

## বিশেষ কৃতিত্ব



### সৈয়দা তাবাসসুম ফেরদোসী
মাতা ঃ মোছাঃ হোসনে আরা বানু
পিতা ঃ সৈয়দ হাবিবুর রহমান
পদবী ঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
তেঁতুলিয়া কার্যালয়, ঠাকুরগাঁও
কৃতিত্ব ঃ এসএসসি ও এইচ এসসিতে জিপিএ-৫
**যশোর মেডিকেল কলেজে ১ম বর্ষে অধ্যায়নরত**



### খালেদ মাহমুদ নুর
মাতা ঃ খালেদা সিদ্দিকা,আইটি অফিসার
উপ-পরিচালকের কার্যালয়,জামালপুর
পিতা ঃ মোঃ নুরে আলম
সহকারী পরিচালক, আইটি
উপ-পরিচালকের কার্যালয়, জামালপুর
**কবিতা আবৃত্তিতে জেলা পর্যায়ে প্রথমস্থান**



### শাকিল আহম্মাদ
মাতাঃ সখিনা বেগম (প্রাক্তন মাঠ কর্মকর্তা)
পিতাঃ মোঃ মহশীন আলী
উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
ভবানীপুর কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর
**রাজশাহী ক্যাডেট কলেজে অধ্যয়নরত।**
বিটিভিতে সম্প্রচারিত জাতীয় সংসদীয় বিতর্ক প্রতিযোগীতায় (ইংলিশ) দলিয়ভাবে চ্যাম্পিয়ণ

## মালেকা বেগমের স্বপ্ন পূরনে পিডিবিএফ



আজ থেকে ১২-১৩ বছর আগের কথা। মালেকা বেগম অন্যের বাড়ীতে ঝি এর কাজ করতেন। স্বামীর আবাদী জমি বলতে কিছুই ছিলনা। দিনমজুর স্বামীর একার আয়ে কিছুতেই যেন সংসার চলছিল না। এমন সময়ে একদিন পাশের বাড়ীর সাজেদা বেগমের পরামর্শে পিডিবিএফ এর গবিন্দনগর পূর্বপাড়া মহিলা সমিতিতে ভর্তি হলেন। প্রশিক্ষণ নিলেন গাভী পালনের উপর। এরপর নালিতাবাড়ী কার্যালয় থেকে ১ম দফায় ৫,০০০ টাকা ঋণ গ্রহণ করেন এবং পাড়া-প্রতিবেশীদের থেকে ধার করে একটি দুগ্ধবতী গাভী কিনেন। দুধ বিক্রি করে সে ঋণের টাকা পরিশোধ করে আবার ঋণ নেন। এভাবে কেটে যায় কয়েক বছর এখন মালেকার রয়েছে ২টি বিদেশী জাতের দুগ্ধবতী গাভী, ২টি বাছুর, ১টি বড় ষাড়, যার বাজার মূল্য প্রায় ৫ লক্ষ টাকা এবং প্রতিদিন তিনি ২০ কেজি দুধ বিক্রি করেন। দুধ বিক্রির টাকায় তাঁর সংসারে এসেছে স্বচ্ছলতা, ঘর বাড়ীও হয়েছে সুন্দর। মালেকা বেগমের ছেলে-মেয়েদেরকে ভাল ঘর দেখে বিয়ে-শাদী দিয়েছেন। আজ মালেকার সুখের শেষ নেই। মালেকার নিজস্ব সঞ্চয় জমা আছে ৩৪,৯৫০/-টাকা এবং ঋণ নিয়েছেন ৫০,০০০/- টাকা। মালেকা বেগম বলেন যে, আমার দারিদ্র্য দূর করার স্বপ্ন বাস্তবে পূরনে পিডিবিএফ এর কাছে আমি ঋণী।

**মোঃ আব্দুল হান্নান খান**
উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নালিতাবাড়ী, জামালপুর




একুশে বইমেলা ২০১৫ তে লেখাপ্রকাশ প্রকাশনী থেকে **"দারিদ্র্য নিরসনে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন ও মাহবুবুর রহমান"** শিরোনামে একটি বিশ্লেষণধর্মী বই (প্রথম খন্ড) প্রকাশিত হয়েছে। বইটির লেখক জনাব ইরফান চৌধুরী, উপ পরিচালক, দিনাজপুর। পিডিবিএফ এর তথ্য উপাত্তসহ বিভিন্ন গবেষণামূলক ও বিশ্লেষণধর্মী বিষয় এই গ্রন্থে আলোচিত হয়েছে। দারিদ্র্য নিরসনে পিডিবিএফ যে গঠনমূলক ভূমিকা রাখছে তা এই গ্রন্থে আলোকপাত করা হয়েছে। বইটি পিডিবিএফ এবং জনাব মাহবুবুর রহমান সম্পর্কে জানতে সাহায্য করবে। বইটি ২৩৮ পৃষ্ঠা সম্বলিত এবং সাবলিল ভাষায় লিখিত ও সুখপাঠ্য।

**ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত পিডিবিএফ-এর ক্রমপুঞ্জিত অগ্রগতির বিবরণ ঃ**

| ক্রঃ নং | বিবরণ (ক্ষুদ্র, ক্ষুদ্র উদ্যোক্তা ও সম্প্রসারণ প্রকল্প) | ফাউন্ডেশন শুরুর সময় | ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | প্রশাসনিক বিভাগের সংখ্যা | ০৪টি | ০৭টি |
| ২ | প্রশাসনিক জেলার সংখ্যা | ১৭টি | ৫১টি |
| ৩ | উপজেলার সংখ্যা | ১৩৯টি | ৩৫৬টি |
| ৪ | উপ-পরিচালকের কার্যালয়ের সংখ্যা | ১০টি | ২৫টি |
| ৫ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয়ের সংখ্যা | ১৩৯টি | ৩৯৭টি |
| ৬ | কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা | ২৬০০ জন | ৪,৪২৮ জন |
| ৭ | সমিতির সংখ্যা | ১২,১০৯ টি | ২৪,৩২০ টি |
| ৮ | সদস্য সংখ্যা | ২,৯৩,০০০ | ৯ লক্ষ ৩৫ হাজার |
| ৯ | ঋণী সদস্য সংখ্যা | ১,৯৩,০০০ | ৫.৮৩ লক্ষ |
| ১০ | সঞ্চয় স্থিতি ঃ সাধারণ, সোনালী ও মেয়াদী (কোটি টাকায়) | ৩৭ কোটি | ৩৫৯ কোটি |
| ১১ | মাঠ কর্মী প্রতি গড় সদস্য সংখ্যা | ২০৫ জন | ৬০৫ জন |
| ১২ | মাঠ কর্মী প্রতি গড় বিতরণ | | ৪১.৭১ লক্ষ |
| ১৩ | ক্রমপুঞ্জিত ক্ষুদ্র ঋণ বিতরণ | ৬৬০.৭৪ | ৬,১০২ কোটি |
| ১৪ | ক্ষুদ্র ঋণ আদায় হার | ৯০% | ৯৮% |
| ১৫ | ক্ষুদ্র উদ্যোক্তার সংখ্যা | - | ২১,০০৭ জন |
| ১৬ | ক্রমপুঞ্জিত ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ | - | ১,৩৩৯ কোটি |
| ১৭ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায় হার | - | ৯৯% |
| ১৮ | মোট ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ (ক্ষুদ্র, ক্ষুদ্র উদ্যোক্তা ও সম্প্রসারণ প্রকল্প) | - | ৭,৪৪১ কোটি |
| ১৯ | স্বয়ম্ভরতার হার | ৬২.৫% | ১০০% |
| ২০ | বর্তমান অর্থ বছরে ক্ষুদ্র, ক্ষুদ্র উদ্যোক্তা ও সম্প্রসারণ প্রকল্পে ঋণ বিতরণ পরিকল্পনা | - | ১,১৫৫ কোটি |
| ২১ | সোলারভূক্ত জেলার সংখ্যা | - | ২৩টি |
| ২২ | সৌর শক্তি প্রকল্পভূক্ত কার্যালয়ের সংখ্যা | - | ১৩০টি |
| ২৩ | সোলার হোম সিস্টেম স্থাপন সংখ্যা | - | ৩৮,২৯৮টি |
| ২৪ | দৈনিক মোট সৌর বিদ্যুৎ উৎপাদন | - | ৮.০৫ Mw |
| ২৫ | বর্তমান অর্থ বছরে সৌর শক্তি প্রকল্পভূক্ত কার্যালয় সম্প্রসারণ পরিকল্পনা | - | ২০টি |
| ২৬ | সদস্য প্রশিক্ষণ কার্যক্রম (নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন, দক্ষতা উন্নয়ন, প্যারাটেক, জেন্ডার ও ইউপি মেম্বার ইত্যাদি) | ২১,৬৬২ জন | ২,৯৫,০৯৪ জন |
| ২৭ | কর্মী প্রশিক্ষণ (ব্যবস্থাপনা, পরিকল্পনা, টিওটি, ওরিয়েন্টেশন, রিফ্রেশার্স , শিক্ষানবিস প্রশিক্ষণ, যোগাযোগ কর্মশালা ও অন্যান্য) | ২,৬০০ জন | ৩৩,৪৭৮ জন |
| ২৮ | ইউপি নির্বাচনে নির্বাচিত সুফলভোগীর সংখ্যা | - | ৮৪৫ জন |
| ২৯ | সাপ্তাহিক প্রশিক্ষণ ফোরাম ঃ সদস্যদেরকে বছরের ৫২ সপ্তাহে ৫২টি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। | | |

## মাসুদার সফলতার কাহিনী



সেই কবেকার কথা। পাঁচ জনের সংসারে অভাব যেন কিছুতেই পিছু ছাড় ছিলোনা। প্রতিবেশীর কাছে শুনে নিয়মিত সাপ্তাহিক সভায় যোগদান করেন এবং অভাবের সংসার থেকেও সামান্য সামান্য সঞ্চয় জমা করতে থাকেন। প্রথম দফায় পিডিবিএফ থেকে মাত্র ৫,০০০/- টাকা ঋণ গ্রহণ করেছিলেন। ঋণের টাকা স্বামী জাইদুলের হাতে তুলে দিয়ে নিজেকে গর্বিত মনে করেছিলেন। ঋণের টাকায় অন্যের জমিতে বর্গা চাষ করে সবজি ও ফসল ফলিয়ে জীবনের মোড় ঘোরানোর চেষ্টা করেন ও একটি বকনা বাছুর ক্রয় করেন। কিন্তু কিছুতে কিছু হচ্ছিল না। এর পরে পিডিবিএফ থেকে হাঁস মুরগী পালনের উপর প্রশিক্ষণ নিয়ে মুরগীর বাচ্চা পালন শুরু করেন। মাঝে মাঝে লাভের মুখ দেখলেও লোকসানে পড়তে হয়েছে কয়েকবার। থেমে যাওয়ার লোক নন মাসুদা। সংসারের অভাব তিনি ঘোচাবেনই। আবার নতুন করে সিদ্ধান্ত নেন হাঁসের বাচ্চা পালনের। জমি থেকে সবাই যখন ধান কেটে বাড়ীতে আনেন ঐ সময়ে হাঁসের বাচ্চা পালন করা সহজ। প্রথমবার ৩০০ হাঁসের বাচ্চা লালন পালন করে ৩ মাস পর বিক্রি করেন। সকল খরচ বাদে লাভ হয় ৪৫,০০০/- টাকা। মাসুদা বেগম বুঝতে পারেন হাঁসের বাচ্চা পালন তার জন্য আশীর্বাদ। এর পর শুরু হয় তার নতুন জীবন, প্রতিবার তার হাঁসের খামারের আয়তন বৃদ্ধি পেতে থাকে, বাড়তে থাকে তার লাভের অংকও। তার ১টি বকনা বাছুর থেকে কয়েকটি গরু হয়েছে। বর্তমানে মাসুদা বেগম পিডিবিএফ থেকে ঋণ নিয়েছেন ৫০,০০০/-টাকা। মাসুদার ছেলে এখন পলিটেকনিক - এ পড়ে, মেয়েরাও পড়াশুনা করে, বসতবাড়ীটিও পাকা করেছেন। সবকিছুতে স্বচ্ছলতার ছাপ মাসুদার। আজ মাসুদা একজন সুখী মানুষের নাম।

মোঃ আরিফুর রহমান
মাঠ সংগঠক, ক্ষেতলাল, বগুড়া


## সম্পাদনা বোর্ড

**উপদেষ্টা ঃ** জনাব মোঃ মাহবুবুর রহমান
**সম্পাদনা ঃ** নূরজাহান বেগম
**সম্পাদনা সহযোগী ঃ**
জনাব সোহরাফ হোসেন
জনাব মিহির কুমার মালাকার
**প্রকাশক ঃ** যোগাযোগ শাখা



**পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)**
প্রধান কার্যালয়
বাড়ি নং-৫, এভিনিউ-৩, হাজী রোড
রূপনগর বা/এ, মিরপুর-২, ঢাকা-১২১৬
ফোন: ০২-৮০৩২৯৩৬, ফ্যাক্স : ৮০৩১৫৯৭
E-mail : info@pdbf.gov.bd
Website : www.pdbf.gov.bd